# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৩০৭

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (كتاب الرقاق)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - তাওয়াক্কুল (আল্লাহর ওপর ভরসা) ও সবর (ধৈর্যধারণ) প্রসঙ্গে

اَلْفصْلُ الثَّالِثُ (بَاب التَّوَكُّل وَالصَّبْر)

---

আরবী

وَعَنِ ابْنِ مَسْعُودٍ قَالَ: أَقْرَأَنِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِنِّي أَنَا الرَّزَّاقُ ذُو الْقُوَّةِ الْمَتِينُ) رَوَاهُ أَبُو دَاوُدَ وَالتِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيثٌ حسن صَحِيح

صحیح ، رواہ ابوداؤد (3993) و الترمذی (2940) ۔
(صَحِيح)

বাংলা

৫৩০৭-[১৩] ইবনু মাসউদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) আমাকে এ আয়াতটি এভাবে শিক্ষা দিয়েছেন- (إِنِّي أَنَا الرَّزَّاقُ ذُو الْقُوَّةِ الْمَتِينُ) অর্থাৎ “আমিই রিযকদাতা, ক্ষমতার আধার”। [তিরমিযী ও আবূ দাউদ; ইমাম তিরমিযী (রহিমাহুল্লাহ) বলেছেন : হাদীসটি হাসান সহীহ

ফুটনোট

সহীহ: আবূ দাউদ ৩৯৯৩, তিরমিযী ২৯৪০, মুসনাদে বাযযার ১৮৯৭, মুসনাদে আহমাদ ৩৭৪১, আবূ ইয়া'লা ৫৩৩৩, আস্ সুনানুল কুবরা লিন্ নাসায়ী ১১৫২৭।

ব্যাখ্যা

ব্যাখ্যা :(أَقْرَأَنِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ) রাসূলুল্লাহ (সা.) আমাকে এভাবে পড়তে শিখিয়েছেন :(إِنِّي أَنَا الرَّزَّاقُ ذُو الْقُوَّةِ الْمَتِينُ)
‘আল্লামাহ্ ত্বীবী (রহিমাহুল্লাহ) বলেন, উক্ত কিরাআতটি রসূল (সা.) থেকে শায বা কম প্রচলিত কিরাআত।
প্রসিদ্ধ কিরাআত হচ্ছে :(اِنَّ اللّٰهَ هُوَ الرَّزَّاقُ ذُو الۡقُوَّةِ الۡمَتِیۡنُ ﴿۵۸﴾) “নিশ্চয় আল্লাহই হচ্ছেন রিযকদাতা

প্রবল শক্তির অধিকারী”- (সূরাহ্ আয যারিয়াত: ৫১: ৫৮)। অর্থাৎ তিনি সবকিছুর করার ক্ষমতা রাখেন। অতএব তার ওপরই ভরসা করা এবং সকল বিষয় তার ওপর ন্যস্ত করা উচিত। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85286

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন